

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

22 January 2013

Congressmen Scott Tipton and James Moran briefed on Bangladesh's GSP case

Bangladesh Ambassador to the USA Mr. Akramul Qader today met with Congressman Scott Tipton (Republican-Colorado) and Congressman James P. Moran (Democrat-Virginia) in order to brief them on Bangladesh's ongoing GSP case with the USTR. Both the US lawmakers are members of a Congressional delegation that would visit Bangladesh from January 26-27, 2012 and are expected to visit a few garments factories during that time.

At the separately held meetings, Ambassador Qader handed the Congressmen a paper on the possible harsh impact of GSP cancellation for Bangladesh and sought their intervention in this case. While providing a brief overview of the aspects relating to the US-GSP the Bangladesh envoy stressed that though this does not cover Bangladesh's readymade garments sector, Bangladesh's exclusion from the list of beneficiary nations would bring in a serious market access concern. Ambassador Qader pointed out that other developed nations including the European Union and Japan provide tariff benefits to Bangladesh's garments under respective GSP schemes. If the US practice is followed worldwide, Bangladesh's entire export sector would suffer a blow. The worst victim of a market dislocation caused by harsh trade measures, which the US authority currently mulls in response to the petition filed by the American Federation of Labor and Congress of Industrial Organizations [AFL-CIO], would be none other than Bangladesh's millions of poor women employed in the garments factories.

Ambassador Akramul Qader apprised the Congressmen about the governmental and industry level measures taken to compensate the families of the workers killed at the recent devastating fire at a garment in Ashulia. Referring to the various governmental measures to advance the welfare of the garments workers and their family members the Bangladesh ambassador pointed out that any country's compliance issues need to be judged from the vantage point of overall socio-economic conditions.

Both the Congressmen took a serious interest in Ambassador Qader's deliberations and assured to seriously look into the case. The Congressmen noted that the briefing offered them helpful insights before they took their trip to Dhaka and expressed hope to follow up. Deputy Chief of Mission Mr. Muhammad A. Muhith and Counsellor (Political) Mr. MJH Javed were with the Ambassador during the meetings.

Contact: Swapan Kumar Saha, Minister (Press), Phone: 202-244-5071, Fax : 202-244 2771\7830, e-mail : bdoot_pwash@yahoo.com

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

২২ জানুয়ারী ২০১৩

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব আকরামুল কাদের আজ চলমান জিএসপি ইস্যু নিয়ে কংগ্রেসম্যান স্কট টিপটন (রিপাবলিকান-কলরেডো) এবং জেমস পি মোরান (ডেমোক্রেট-ভার্জিনিয়া)-কে অবহিত করেন। উল্লেখ্য, উভয় কংগ্রেস সদস্যই চলতি মাসের ২৬-২৭ তারিখে বাংলাদেশ ভ্রমণের জন্য মনোনীত কংগ্রেস প্রতিনিধি দলের সদস্য। বাংলাদেশ ভ্রমণকালে কংগ্রেস প্রতিনিধি দল কয়েকটি গার্মেন্টস ফ্যাক্টরী পরিদর্শন করবেন বলে ধারণা করা হচ্ছে।

রাষ্ট্রদূত জনাব কাদের পৃথকভাবে অনুষ্ঠিত বৈঠক দুটিতে যুক্তরাষ্ট্র কর্তৃক বাংলাদেশের জিএসপি সুবিধা বাতিল করা হলে তার সম্ভাব্য বিরূপ প্রভাব সম্পর্কে কংগ্রেস সদস্যগণকে ধারণা দেন এবং এ বিষয়ে তাদের হস্তক্ষেপ কামনা করেন। তিনি এ সময়ে জানান, যদিও বাংলাদেশের প্রধান রফতানী দ্রব্য তৈরী পোশাক আলোচ্য জিএসপি সুবিধার আওতাভুক্ত নয় তা সত্ত্বেও বাংলাদেশকে জিএসপি সুবিধাভোগকারী দেশের তালিকা থেকে অপসারণ করা হলে দেশটি আন্তর্জাতিক বাজারে প্রবেশের ক্ষেত্রে বড় ধরনের বাধার সম্মুখীন হবে। তিনি জানান, ইউরোপীয় ইউনিয়নভুক্ত বেশ কয়েকটি দেশ এবং জাপান তাদের নিজস্ব জিএসপি স্কীমের আওতায় বাংলাদেশের তৈরী পোশাক শিল্পে গুরু সুবিধা দিয়ে আসছে। এসকল রাষ্ট্রসমূহ মার্কিন যুক্তরাষ্ট্রের পদক্ষেপ অনুসরণ করে বাংলাদেশের জিএসপি সুবিধা বাতিল করলে দেশটির রফতানী বানিজ্য বড় ধরনের বিপর্যয়ের মুখে পড়বে। তিনি উল্লেখ করেন, American Federation of Labor and Congress of Industrial Organizations [AFL-CIO] কর্তৃক দাখিলকৃত আবেদনের ভিত্তিতে যুক্তরাষ্ট্র সরকার যদি বাংলাদেশের বাণিজ্য ক্ষেত্রে কোন কঠোর পদক্ষেপ গ্রহণ করে তবে তার শিকার হবে বাংলাদেশের তৈরী পোশাক শিল্পে নিয়োজিত লক্ষ লক্ষ নারী শ্রমিক।

রাষ্ট্রদূত জনাব কাদের এ সময়ে সম্প্রতি আশুলিয়ায় ঘটে যাওয়া মর্মান্তিক অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত শ্রমিকদের পরিবারের সদস্যদেরকে ক্ষতিপূরণ প্রদানের জন্য সরকার ও তৈরী পোশাক শিল্প কর্তৃক গৃহিত ব্যবস্থাসমূহ সম্পর্কে কংগ্রেস সদস্যগণকে অবহিত করেন। এছাড়া শ্রমিকদের কল্যাণে সরকার কর্তৃক গৃহিত বিভিন্ন পদক্ষেপের বিবরণ দিয়ে তিনি আরো বলেন শ্রম অধিকার বিষয়ে বাংলাদেশের মান বিচারের ক্ষেত্রে দেশটির আর্থ-সামাজিক অবস্থার কথা বিবেচনায় রাখা আবশ্যিক।

উভয় কংগ্রেস সদস্যই বাংলাদেশের রাষ্ট্রদূতের বক্তব্য গভীর মনোযোগের সাথে শোনেন এবং বিষয়টি তাঁরা গুরুত্বের সাথে দেখবেন বলে আশ্বাস দেন। কংগ্রেস সদস্যগণ ঢাকা সফরের প্রাক্কালে জিএসপি বিষয়ে রাষ্ট্রদূত কর্তৃক প্রদত্ত তথ্যসমূহ তাদের সফরের জন্য বিশেষভাবে উপযোগী হবে বলে মন্তব্য করেন এবং সফরকালে তাঁরা বিষয়টির অগ্রগতি পর্যবেক্ষণ করবেন বলেও আশাবাদ ব্যক্ত করেন। মিশন উপ-প্রধান জনাব মুহাম্মদ আবদুল মুহিত এবং কাউন্সিলর জনাব এম জে এইচ জাবেদ বৈঠককালে রাষ্ট্রদূতের সংগে উপস্থিত ছিলেন।

যোগাযোগ : স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : bdoot_pwash@yahoo.com